# ক্রমঃ ৮ আল-মুহাইমিন ٱلْمُهَيْمِنُ

## অর্থ

পরিপূর্ন রক্ষণাবেক্ষণকারী, রক্ষক, অভিভাবক, প্রতিপালনকারী

## English

Al-Muhaymin
- The One who witnesses the saying and deeds of His creatures.
- The Protector
- The vigilant, the controller

## ব্যাখ্যা

> ٱلْمُهَيْمِنُ । আল-মুহাইমিন (রক্ষক, অভিভাবক, প্রতিপালনকারী)[1] | Al-Muhaymin | The Guardian, The Witness, The Overseer

আল-মুহাইমিন হলেন, যিনি যাবতীয় ক্ষুদ্রতম বিষয় ও অন্তরের সব কিছু অবগত, তিনি তাঁর ইলমের দ্বারা সব কিছু বেষ্টন করে রেখেছেন।[2]

---

[1] এ নামের দলিল আল্লাহ তা'আলার নিম্নোক্ত বাণী,

﴿هُوَ ٱللَّهُ ٱلَّذِي لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ٱلْمَلِكُ ٱلْقُدُّوسُ ٱلسَّلَٰمُ ٱلْمُؤْمِنُ ٱلْمُهَيْمِنُ ٱلْعَزِيزُ ٱلْجَبَّارُ ٢٣﴾ [الحشر: ٢٣]

“তিনিই আল্লাহ; যিনি ছাড়া কোন ইলাহ নেই, তিনিই বাদশাহ, মহাপবিত্র, ত্রুটিমুক্ত, নিরাপত্তাদানকারী, রক্ষক, মহাপরাক্রমশালী, মহাপ্রতাপশালী, অতীব মহিমান্বিত।” [সূরা আল-হাশর, আয়াত: ২৩]

[2] আত-তাফসীর, ৫/৬২৪।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=8

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন